# লালমনিরহাট পৌরসভা কার্যালয়

## লালমনিরহাট

### প্রশাসন বিভাগ

(পৌর বাজার শাখা)

**ps.lalmonirhat.gov.bd**

নম্বর- লাঃপৌঃসঃ/পৌর বাজার শাখা/২০২৬/২০৪

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ ব.
১৩ এপ্রিল ২০২৬ খ্রি.

**দোকান ঘর বরাদ্দ বিজ্ঞপ্তি (২য় দফা)**

বিজ্ঞপ্তি নং- ০৫/২০২৫-২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট পৌরসভাধীন ০৪ নং ওয়ার্ডের নবাবের হাট-বাজার (Wet Market)-এর মাছপট্টির পশ্চিম পার্শ্বের এবং ঈদগাহ মাঠের পূর্ব পার্শ্বের সেমিপাকা/টিনসেড মিনি মার্কেটের সাটারযুক্ত ০৩ টি (তিন) দোকান ঘর এবং সাটার ব্যতীত ০৭ টি (সাত) দোকান ঘর 'ক' ও 'খ' নং ক্যাটাগরিতে বরাদ্দ প্রদানের নিমিত্তে "পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩"-এর আলোকে নিম্নবর্ণিত ক্যালেন্ডার ও শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/ব্যবসা প্রতিষ্ঠানের মালিকগণের নিকট হতে (প্রতিযোগিতামূলক দরে) সিলগালাকৃত বন্ধ খামে নির্ধারিত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তি/ব্যবসা প্রতিষ্ঠানের মালিকগণকে বিস্তারিত তথ্য ও শর্তাবলী সম্বলিত আবেদন ফরম নিম্নোক্ত ক্যালেন্ডার **০৫ মে ২০২৬ খ্রি.** পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের পৌর বাজার শাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর উপজেলা, লালমনিরহাট হতে সংগ্রহ করা যাবে।

**বর্ণিত দোকানের ক্যাটাগরি ঃ**

| ক্রমিক নং | দোকানের অবস্থান | দোকানের ধরন | দোকানের সাইজ | দোকানের সংখ্যা | প্রতিটি দোকানের সর্বনিম্ন সেলামির পরিমাণ (এককালীন) | প্রতিটি দোকানের ভাড়া | আবেদন ফরমের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | নবাবের হাট মাছপট্টির পশ্চিম দিকে (সাটারযুক্ত) | ক্যাটাগরি 'ক' | ১২-০ x ৯-১০ | ০৩ (তিন) টি (ক্রমিক নং- ০১, ০২, ০৭) | ৮০,০০০/- | প্রতিমাস ৮০০/- | প্রতিটি ৫০০/- |
| ০২. | নবাবের হাটের পশ্চিম দিকে ও ঈদগাহ মাঠের পূর্ব দিকে 'ক' ক্যাটাগরির বিপরীত দিকে (সাটার ব্যতীত) | ক্যাটাগরি 'খ' | ১০-০ x ১০-০ | ০৭ (সাত) টি (ক্রমিক নং- ১০ হতে ১৬ পর্যন্ত) | ৫০,০০০/- | প্রতিমাস ৫০০/- | প্রতিটি ৫০০/- |

**আবেদন ফরম বিক্রয়, দাখিল ও খোলার ক্যালেন্ডার ঃ**

| ক্রমিক নং | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের শেষ তারিখ, সময় ও দাখিলের স্থান | আবেদনপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ (প্রথম পর্যায়) | ০৫-০৫-২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৬-০৫-২০২৬ খ্রি. বেলা ২.০০ টা পর্যন্ত<br>ক) জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট<br>খ) বাজার শাখা, লালমনিরহাট পৌরসভা কার্যালয়<br>গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সদর উপজেলা, লালমনিরহাট | ০৬-০৫-২০২৬ খ্রি. দুপুর ২.৩০ টা পৌর প্রশাসকের সম্মেলন কক্ষ | |
| ০২ (দ্বিতীয় পর্যায়) | ১৭-০৫-২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৮-০৫-২০২৬ খ্রি. বেলা ২.০০ টা পর্যন্ত<br>ক) জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট<br>খ) বাজার শাখা, লালমনিরহাট পৌরসভা কার্যালয়<br>গ) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, সদর উপজেলা লালমনিরহাট | ১৮-০৫-২০২৬ খ্রি. দুপুর ২.৩০ টা পৌর প্রশাসকের সম্মেলন কক্ষ | |
| ০৩ (তৃতীয় পর্যায়) | ২৪-০৫-২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৫-০৫-২০২৬ খ্রি. বেলা ২.০০ টা পর্যন্ত<br>ক) জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট<br>খ) বাজার শাখা, লালমনিরহাট পৌরসভা কার্যালয়<br>গ) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, সদর উপজেলা লালমনিরহাট | ২৫-০৫-২০২৬ খ্রি. দুপুর ২.৩০ টা পৌর প্রশাসকের সম্মেলন কক্ষ | |

**শর্তবলী ঃ-**

০১. প্রতিটি দোকানের জন্য সর্বোচ্চ সেলামিদাতাকে দোকান বরাদ্দের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে। একটি দোকানে যদি একাধিক দাখিলকৃত সেলামির পরিমাণ সমান হলে, তবে কর্তৃপক্ষ লটারির মাধ্যমে বরাদ্দ গ্রহীতা নির্বাচন করবে। কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে ক্যালেন্ডার অনুযায়ী দোকান বরাদ্দ প্রক্রিয়া চলমান থাকবে।

০২. দরপত্র দাখিলকারীকে আবেদন ফর্মের সাথে দেয় দরের সেলামির সমুদয় অর্থ অর্থাৎ ১০০% সেলামির অর্থ, দেয় দরের ১৫% ভ্যাট ও ১০% আয়কর যে কোন তপসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে প্রশাসক, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট-এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩. আবেদন ফর্মের সাথে আবেদনকারীর এনআইডি/জন্মনিবন্ধন সনদের ফটোকপি, হাল সনের ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), পৌরকর (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধের ছায়াকপি, পাসপোর্ট সাইজের ছবি ০১ (এক) কপি সংযুক্ত করতে হবে।

০৪. সিলগালাকৃত বন্ধ খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা, দোকানের নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদন ফর্ম সেলামি দর অংকে ও কথায় সুস্পষ্টভাবে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা করা যাবে না।

০৫. কোন পর্যায়ে যেকোন দোকানের কাঙ্ক্ষিত দর পাওয়া গেলে, উক্ত দোকান ব্যতীত অবশিষ্ট দোকানের বরাদ্দ প্রক্রিয়া ক্যালেন্ডার অনুযায়ী অব্যাহত থাকবে।

০৬. একই দোকানের জন্য একাধিক গৃহীত দর পাওয়া গেলে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরের ১ম সর্বোচ্চ ও ২য় সর্বোচ্চ সেলামি দাতার দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে অর্ডার পৌরসভায় জমা রেখে অবশিষ্ট সকল অকৃতকার্য দরদাতার ব্যাংক ড্রাফট/পে অর্ডার ফেরত প্রদান করা হবে। ১ম সর্বোচ্চ সেলামিদাতার সাথে বরাদ্দ চুক্তি স্বাক্ষরের পর ২য় সর্বোচ্চ দরদাতার ব্যাংক ড্রাফট/পে অর্ডার ফেরত প্রদান করা হবে।

০৭. কর্তৃপক্ষ কর্তৃক দর গৃহীত হওয়ার ১৫ দিনের মধ্যে গ্রহীতাকে নিজ খরচে ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলকরত জমাকৃত অর্থের ব্যাংক ড্রাফট/পে অর্ডার বাজেয়াপ্ত করা হবে।

০৮. প্রতিটি দোকানের নির্ধারিত ভাড়ার সাথে ১৫% ভ্যাট যোগ করে সর্বমোট অর্থ নিজ উদ্যোগে পরবর্তী মাসের প্রথম ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পৌর তহবিলের নির্দিষ্ট ব্যাংক হিসাবে জমা দিতে হবে এবং জমা রশিদের কপি সংরক্ষণ করতে হবে।

০৯. বরাদ্দ গ্রহীতাকে নিজ নামে সংযোগ গ্রহণ করে নিয়মিতভাবে দোকানের বিদ্যুৎ বিল, পানির বিলসহ যাবতীয় সরকারি পাওনা নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে। এছাড়া দোকানের রক্ষণাবেক্ষণ যত্ন সহকারে করতে হবে।

১০. কর্তৃপক্ষের অনুমতি ব্যতীরেকে কোন অবস্থাতেই দোকানের কাঠামোগত কোন পরিবর্তন করা যাবে না। দেশের প্রচলিত আইন অনুযায়ী বৈধভাবে ব্যবসা পরিচালনা করতে হবে। বরাদ্দ চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ করলে পৌর কর্তৃপক্ষ সম্পাদিত চুক্তিপত্রসহ সংশ্লিষ্ট দোকান বরাদ্দ বাতিল করা হবে।

১১. বরাদ্দ গ্রহীতাগণ পরিদর্শন বই নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন। পৌরসভা কর্তৃপক্ষ যেকোন সময়ে দোকান ঘর পরিদর্শন ক্ষমতা সংরক্ষণ করে।

১২. দোকান বরাদ্দ ও ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় "পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩" অনুযায়ী পরিচালিত হবে।

১৩. পৌর কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই এই বিজ্ঞপ্তিসহ যেকোন বা সকল আবেদন ফর্ম গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. বিস্তারিত তথ্যাবলী অত্র পৌরসভা কার্যালয়ের বাজার শাখা হতে সংগ্রহ করা যাবে।

২৬.৪.২০২৬

মোঃ রাজীব আহসান
প্রশাসক
লালমনিরহাট পৌরসভা
লালমনিরহাট
ফোন (অফিস): ০২৫৮৯৯৮৬৫৪৮
lalmonirhatpourasava@lgd.gov.bd

নম্বর- লাঃপৌঃসঃ/পৌর বাজার শাখা/২০২৬/ ২০৪ (২১)

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ ব.
১৩ এপ্রিল ২০২৬ খ্রি.

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
০৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৪। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
০৭। ......................................, পৌর প্রশাসকের কার্যসম্পাদনের সহায়তা বিষয়ক সমন্বয় কমিটি, লালমনিরহাট পৌরসভা।
০৮। সদস্য (সকল), দোকান বরাদ্দ কমিটি, লালমনিরহাট পৌরসভা।
০৯। বিজ্ঞাপন ম্যানেজার, ..............................................., বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় ....... কলামে আগামী ................. তারিখে প্রকাশের নিমিত্ত প্রেরণ করা হলো।
১০। নির্বাহী প্রকৌশলী/মেডিকেল অফিসার/পৌর নির্বাহী কর্মকর্তা, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট।
১১। শহর পরিকল্পনাবিদ, লালমনিরহাট পৌরসভা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২৬.৪.২০২৬

মোঃ রাজীব আহসান
প্রশাসক
লালমনিরহাট পৌরসভা
লালমনিরহাট